

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়  
মোংলা, বাগেরহাট।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত  
এগিয়ে যাবে অনেক ধাপ।

স্মারক নং-

তারিখ- ২১/১১/২০২১ ইং।

### ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মিসেস কামরুন নাহার হাই, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।  
সভার স্থান ঃ সম্মেলন কক্ষ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মোংলা, বাগেরহাট।  
তারিখ ঃ ২১/১০/২০২১ ইং সময় ঃ ১০.০০ ঘটিকা।

সভার আলোচ্য সূচীঃ


১। কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ২। কমিউনিটি ক্লিনিক উন্নয়ন ও মেরামত বিষয়ক ৩। প্রশিক্ষণ।

অধ্যকার সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোংলা, বাগেরহাটকে অনুরোধ করেন। আলোচনার শুরুতেই উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সকলকে শুভেচ্ছা জানিয়ে এজেন্ডা ভিত্তিক স্বাস্থ্য বিষয়ক বিষয়াবলী সভায় তুলে ধরেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয় যা বাস্তবায়নের জন্য সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন।

আলোচ্য বিষয় ও বিস্তারিত আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা ঃ কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলার আলোচনায় সদস্য সচিব জানান এ যাবৎ মোংলা উপজেলার ৬৮ হাজার মানুষকে টিকা প্রদান করা হয়েছে। আগামী মাসে আরও ৩০ হাজার মানুষকে কোভিড-১৯ টিকা প্রদান করা হবে বলে জানান।	কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলার জন্য সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করেন। সভাপতি মহোদয় সিদ্ধান্ত দেন যে, ইউনিয়নের টিকা পাওয়ার যোগ্য সকলকে দ্রুত টিকা প্রদান নিশ্চিত করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ।
২। কমিউনিটি ক্লিনিক ঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, মোংলাতে মোট চালু ১৩টি কঃ ক্লিনিকের মধ্যে খোনকারেরবেড় কমিউনিটি ক্লিনিক, উত্তর চাঁদপাই কমিউনিটি ক্লিনিক ও গাববুনিয়া কমিউনিটি ক্লিনিক জরুরী ভিত্তিতে মেরামত, প্রতিটি সি সি-তে ওয়াশ ব্লক ও ডেরিভারী রুম স্থাপন করা প্রয়োজন।	সভাপতি কমিউনিটি ক্লিনিক ভিত্তিক স্বাস্থ্যসেবা প্রদান কার্যক্রমকে সাদুবাদ জানান এবং মেরামত জরুরী কমিউনিটি ক্লিনিক গুলি জরুরী ভিত্তিতে মেরামতের বিষয়টি সকলের সাথে আলোচনা করে মেরামতের এবং ওয়াশ ব্লক ও ডেরিভারী রুম স্থাপন করার সিদ্ধান্ত দেন।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মেডিকেল অফিসার রোগ নিয়ন্ত্রন ও পরিদর্শকগণ।
৩। প্রশিক্ষণ প্রদান ঃ উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন	সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সাথে প্রশিক্ষণের বিষয়টি আলোচনান্তে প্রশিক্ষণটি	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা,

<p>মাধ্যমে দপ্তর ভিত্তিক সুবিধা ভোগী প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। মোংলা উপজেলার মাতৃমৃত্যুরহার হ্রাস ও বয়ঃসন্ধিকালীন সেবা নিশ্চিত করার জন্য নিরাপদ মাতৃত্বসেবা ও বয়সসন্ধিকালীন সেবা নিশ্চিত করণ বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা প্রয়োজন।</p>	<p>আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত ও পরামর্শ প্রদান করেন।</p>	
---	--	--

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সুস্থ শরীরে যার যার কর্মস্থলে ফিরে যাবেন এই আশাবাদ ব্যক্ত করে সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(কামরুন নাহার হাই)

সভাপতি, উপজেলা স্বাস্থ্য বিভাগীয় স্থায়ী কমিটি,

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

তারিখ-২১/১১/২০২১ ইং।

স্মারক নং-

১৭৬/৫

অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ৫। অফিস নথি।



(ডাঃ জীবিতেশ বিশ্বাস)

সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও




উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

মোংলা, বাগেরহাট।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি অক্টোবর-২০২১ মাসের সভার হাজিরা-

সভার তারিখ ও সময় : ২১/১০/২০২১, সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সভাকক্ষ, মোংলা, বাগেরহাট।

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবী	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
০১	মিসেস কামরুন্নাহা হাই	মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।	সভা পতি	
০২	জনাব মোঃ ইকবাল হোসেন	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।	সদস্য	
০৩	জনাব মোঃ ইস্রাফিল হাওলাদার	চেয়ারম্যান, মিঠাখালী ইউনিয়ন পরিষদ, মোংলা, বাগেরহাট।	সদস্য	
০৪	জনাব শেখ কবির উদ্দিন	চেয়ারম্যান, সুন্দরবন ইউনিয়ন পরিষদ, মোংলা, বাগেরহাট।	সদস্য	
০৫	ডাঃ জীবিতেশ বিশ্বাস	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোংলা, বাগেরহাট।	সদস্য সচিব	